জীবননগরে নির্বাচনী প্রচারণা শুরু করলেন জামায়াত প্রার্থী রুহুল আমিন

চুয়াডাঙ্গা-২ আসনের জামায়াতে ইসলামীর মনোনীত প্রার্থী ও জেলা জামায়াতে ইসলামীর আমির মো. রুহুল আমিন বীর মুক্তিযোদ্ধাদের কবর জিয়ারত করে আনুষ্ঠানিকভাবে তাঁর নির্বাচনী প্রচারণা শুরু করেন। পরে তিনি জীবননগরে কর্মরত সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভায় অংশ নেন।

বৃহস্পতিবার (২২ জানুয়ারি) সকাল ১০টার দিকে জীবননগর উপজেলা জামায়াতে ইসলামীর কার্যালয়ে এই মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন জীবননগর উপজেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি মাহফুজুর রহমান।

মতবিনিময় সভায় রুহুল আমিন আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নিজের নির্বাচনী অঙ্গীকার, উন্নয়ন ভাবনা এবং এলাকার বিভিন্ন সমস্যা ও সম্ভাবনা নিয়ে আলোচনা করেন। তিনি বলেন, জনগণের কল্যাণে একটি কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা, স্থলবন্দর বাস্তবায়ন, জনগণের অধিকার প্রতিষ্ঠা, সুশাসন নিশ্চিতকরণ এবং দুর্নীতিমুক্ত সমাজ গঠনে তিনি কাজ করতে চান। এ সময় তিনি সাংবাদিকদের ভূমিকা ও সহযোগিতার প্রতি গুরুত্ব আরোপ করেন।

মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা মাজলিসুল মুফাসসিরিন সূরা সভাপতি হাফিজুর রহমান, সাবেক জেলা আমীর আনারুল হক মানিক, জেলা নায়েবে আমীর আজিজুর রহমান, উপজেলা নায়েবে আমীর শাখাওয়াত হোসেন, জীবননগর প্রেসক্লাবের সভাপতি এম. আর. বাবু, সাধারণ সম্পাদক নুর আলম, সাংবাদিক সালাউদ্দিন কাজল, নারায়ণ ভৌমিক, কাজী শামসুর রহমান, আকিমুল ইসলাম, মিঠুন মাহমুদ, জামাল হোসেন খোকন, এম. আই. মুকুল, জাহাঙ্গীর আলম, বশির উদ্দিন বিশ্বাস, মুন্সী রায়হান উদ্দিন, তুহিনুজ্জামান, মুতাসিন বিল্লাহ, হাসান নিলয়, দাউদ হোসেন প্রমুখ।

দর্শনা প্রেসক্লাবে সাংবাদিকদের সঙ্গে জামায়াত প্রার্থীর মতবিনিময়

হাট-ঘাট, বিল-বাঁওড় দখল করে ব্যক্তিগতভাবে সম্পদশালী হওয়ার রাজনীতি আমরা করি না এবং করিওনি। আমরা চাই একটি দুর্নীতিমুক্ত ও ন্যায়ভিত্তিক সমাজ গড়তে, যেখানে সাধারণ মানুষের ন্যায্য অধিকার নিশ্চিত হবে” এমন মন্তব্য করেছেন চুয়াডাঙ্গা-২ আসনে জামায়াতে ইসলামীর মনোনীত সংসদ সদস্য প্রার্থী ও আইনজীবী রুহুল আমিন।

বৃহস্পতিবার (২২ জানুয়ারি) সকাল ১১টায় চুয়াডাঙ্গা দর্শনা প্রেসক্লাবে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন।

রুহুল আমিন বলেন, আপনাদের চাওয়া আর আমার চাওয়ার মধ্যে কোনো পার্থক্য নেই। যখন দুই পক্ষের লক্ষ্য এক হয়, তখন সফলতা আসবেই ইনশাল্লাহ। আমরা দেশ থেকে দালালমুক্ত রাজনীতি প্রতিষ্ঠা করতে চাই। দালালনির্ভর ও লুটপাটনির্ভর রাজনীতি বন্ধ করা জরুরি। জনগণের ভোটাধিকার ও মতপ্রকাশের স্বাধীনতা ফিরিয়ে দেওয়াই আমাদের প্রধান অঙ্গীকার।

তিনি আরও বলেন, গত ১৭ বছরে চুয়াডাঙ্গা-২ নির্বাচনী এলাকায় প্রকৃত কোনো টেকসই উন্নয়ন হয়নি। হয়েছে ব্যক্তি উন্নয়ন। কেউ কেউ সাধারণ মানুষের রক্ত চুষে খেয়ে রাজপ্রাসাদ গড়েছে, কিন্তু সাধারণ মানুষের ভাগ্যের কোনো পরিবর্তন হয়নি।

একটি প্রবাদ উল্লেখ করে তিনি বলেন, ঘটি-বাটি পরে গাধা হাসে যারা নিজেরাই ব্যর্থ, তারাই আজ বড় বড় উন্নয়নের কথা বলে। জনগণ এখন সচেতন, তারা আর প্রতারণায় বিশ্বাস করবে না।

রুহুল আমিন বলেন, আমরা ক্ষমতার রাজনীতি নয়, সেবার রাজনীতি করতে চাই। ন্যায়বিচার, সততা ও জবাবদিহিতার ভিত্তিতে মানবিক সমাজ গড়াই জামায়াতে ইসলামীর লক্ষ্য।

মতবিনিময় সভায় জেলা জামায়াতের নায়েবে আমীর হাফিজুর রহমান, সহকারী সেক্রেটারি আব্দুল কাদের, দর্শনা পৌর আমীর সাহিকুল আলম অপু, জাহিদুল ইসলামসহ দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির নেতৃবৃন্দ এবং বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় সাংবাদিকদের সঙ্গে জামায়াত প্রার্থীর মতবিনিময়

দামুড়হুদায় ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৬ প্রচারণার সূচনা উপলক্ষে চুয়াডাঙ্গা-২ আসনের জামায়াতে ইসলামীর প্রার্থী রুহুল আমীনের সঙ্গে দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বেলা ১২টার সময় প্রেসক্লাবের সভাকক্ষে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের জামায়াতে ইসলামীর মনোনীত দাঁড়িপাল্লা প্রতীকের সংসদ সদস্য প্রার্থী ও জেলা জামায়াতে ইসলামীর আমীর রুহুল আমীন। তিনি বাংলাদেশ জামায়াতে ইসলামীর প্রার্থী হিসেবে নির্বাচনী প্রস্তুতির বিভিন্ন দিক সাংবাদিকদের সামনে তুলে ধরেন।

মতবিনিময় সভায় রুহুল আমীন বলেন, একটি অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন দেশের গণতন্ত্রের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। দুর্নীতির বিষয়ে আমাদের জিরো টলারেন্স নীতি রয়েছে।

তিনি আরও বলেন, জনগণের কল্যাণে একটি কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা, জীবননগরে স্থলবন্দর বাস্তবায়ন, জনগণের অধিকার প্রতিষ্ঠা, সুশাসন নিশ্চিতকরণ এবং দুর্নীতিমুক্ত সমাজ গঠনে তিনি কাজ করতে চান।

তিনি আরও বলেন, জনগণের অধিকার নিশ্চিত করতে সাংবাদিকদের ভূমিকা

অনস্বীকার্য। সত্য ও বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের মাধ্যমে নির্বাচনকে সঠিক পথে পরিচালিত করতে সাংবাদিকদের নিরপেক্ষভাবে সংবাদ পরিবেশনের আহ্বান জানান। নির্বাচিত হলে তিনি এলাকার শিক্ষা, কর্মসংস্থান, নৈতিকতা ও সামাজিক উন্নয়নে অগ্রাধিকার দিয়ে কাজ করবেন বলেও জানান। পাশাপাশি দুর্নীতি ও অনিয়মমুক্ত সমাজ গঠনে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

সভায় উপস্থিত সাংবাদিকরা বিভিন্ন সমসাময়িক রাজনৈতিক বিষয়, নির্বাচনী পরিবেশ ও উন্নয়ন পরিকল্পনা নিয়ে প্রশ্ন করেন। এ সময় প্রার্থী রুহুল আমীন সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা মাজলিসুল মুফাসসিরিন সূরা সভাপতি হাফিজুর রহমান, সাবেক জেলা আমীর আনারুল হক মানিক, জেলা নায়েবে আমীর আজিজুর রহমান, দামুড়হুদা উপজেলা আমীর নায়েব আলী, সেক্রেটারি আবেদ উদদৌলা টিটন, সহকারী সেক্রেটারি রফিকুল ইসলাম জিয়া, সদর ইউনিয়ন আমীর আবুল কাশেম প্রমুখ।

মতবিনিময় সভায় দামুড়হুদা প্রেসক্লাবের প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

দেশাত্মবোধক গানে জাতীয় পর্যায়ে তৃতীয় স্থান অর্জন করলো চুয়াডাঙ্গার ছোঁয়া

জাতীয় শিক্ষা সপ্তাহ–২০২৬ উপলক্ষে আয়োজিত সাংস্কৃতিক প্রতিযোগিতায় দেশাত্মবোধক গানে জাতীয় পর্যায়ে তৃতীয় স্থান অর্জন করে চুয়াডাঙ্গা জেলার জন্য গৌরব বয়ে এনেছে তাসনিম তাবাসসুম ছোঁয়া। তিনি চুয়াডাঙ্গা সরকারি কলেজ থেকে অংশগ্রহণ করে ‘গ’ বিভাগে সারা দেশের প্রতিযোগীদের মধ্যে এই কৃতিত্বপূর্ণ সাফল্য অর্জন করেন।

প্রতিযোগিতার ধারাবাহিকতায় তাসনিম তাবাসসুম ছোঁয়া প্রথমে

উপজেলা পর্যায়ে অংশগ্রহণ করেন। এরপর ধারাবাহিক সাফল্যের মাধ্যমে জেলা ও বিভাগীয় পর্যায় অতিক্রম করে জাতীয় পর্যায়ে পৌঁছে দেশাত্মবোধক গানে তৃতীয় স্থান অর্জন করতে সক্ষম হন।

এই সাফল্যের স্বীকৃতিস্বরূপ গতকাল ২০ তারিখ সকাল ১১টায় ঢাকার ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত জাতীয় শিক্ষা সপ্তাহ–২০২৬-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির হাত থেকে সম্মাননা ও পুরস্কার গ্রহণ করেন তাসনিম তাবাসসুম ছোঁয়া। অনুষ্ঠানে দেশের বিভিন্ন পর্যায়ের বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

তাসনিম তাবাসসুম ছোঁয়া চুয়াডাঙ্গা শহরের মহিলা কলেজ পাড়ার বাসিন্দা এবং একাদশ শ্রেণির ছাত্রী। তিনি মোঃ শরিফুল ইসলাম ও তুহিন সুলতানার কন্যা। ছোটবেলা থেকেই সংগীতচর্চার প্রতি তার গভীর আগ্রহ, নিয়মিত অনুশীলন ও নিষ্ঠাই এই সাফল্যের পেছনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে বলে সংশ্লিষ্টরা জানান।

এই অর্জনের পেছনে যাঁদের সার্বিক সহযোগিতা ও অনুপ্রেরণা রয়েছে—শিক্ষকবৃন্দ, অভিভাবক, প্রশিক্ষক, সংশ্লিষ্ট শিক্ষা প্রশাসন এবং সর্বস্তরের শুভানুধ্যায়ীদের প্রতি তাসনিম তাবাসসুম ছোঁয়া ও তাঁর পরিবার আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

তার এই সাফল্যে পরিবার, শিক্ষকসমাজ এবং এলাকাবাসীর মধ্যে ব্যাপক আনন্দ ও গর্বের অনুভূতি বিরাজ করছে। স্থানীয় সচেতন মহল আশা প্রকাশ করেছেন, ভবিষ্যতেও তিনি জাতীয় পর্যায়ে আরও বড় সাফল্য অর্জনের মাধ্যমে চুয়াডাঙ্গা জেলার মুখ উজ্জ্বল করবেন।

আলমডাঙ্গা যুব ফোরামের উদ্যোগে শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ

আলমডাঙ্গায় যুব ফোরামের উদ্যোগে অসহায় শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

গতকাল বুধবার সকাল ১১টায় মাদ্রাসা পাড়ায় উপজেলা প্রশাসনের সহযোগিতায় এ কর্মসূচির মাধ্যমে প্রায় শতাধিক অসহায় ও শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। যুব ফোরামের সভাপতি মোঃ আসাদুজ্জামান লিমনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গার সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এ.এস.এম শাহনেওয়াজ মেহেদী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, যুব ফোরামের উপদেষ্টা মোঃ আজিজুর রহমান।

অনুষ্ঠানে প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, “চুয়াডাঙ্গা জেলা যেমন গ্রীষ্মকালে দেশের অন্যতম সর্বোচ্চ তাপমাত্রার সম্মুখীন হয়, তেমনি শীতকালে এখানে সর্বনিম্ন তাপমাত্রা বিরাজ করে। ফলে শীত মৌসুমে অসহায় মানুষের কষ্ট অনেক বেড়ে যায়। যুব ফোরাম সবসময় মানুষের পাশে থাকার প্রত্যয়ে কাজ করে যাচ্ছে। শীতার্ত মানুষের কষ্ট লাঘব করতেই আজকের এই উদ্যোগ। এসময় যুব ফোরামের সাংগঠনিক সম্পাদক রাতুল ইসলাম, যুগ্ম সম্পাদক সুমাইয়া আফরোজ, কোষাধ্যক্ষ তনিমা আফরোজসহ সংগঠনের অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় জামায়াতে আমিরের আগমন উপলক্ষে প্রস্তুতি সভা

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমীর ডা. শফিকুর রহমানের চুয়াডাঙ্গা আগমন উপলক্ষে আলমডাঙ্গা উপজেলা জামায়াতের উদ্যোগে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকাল ৮টায় আলমডাঙ্গা উপজেলা জামায়াতের দলীয় কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় আলমডাঙ্গা উপজেলা আমীর প্রভাষক শফিউল আলম বকুলের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা যুব বিভাগের সভাপতি শেখ নূর মোহাম্মদ হোসাইন টিপু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা নায়েবে আমীর ইউসুফ আলী মাস্টার।

প্রধান অতিথির বক্তব্যে বলেন, আগামী ২৬ জানুয়ারি সোমবার বিকেল ৩টায় বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমীর ডা. শফিকুর রহমান

চুয়াডাঙ্গা টাউন ফুটবল মাঠে আয়োজিত বিশাল নির্বাচনী জনসভায় বক্তব্য রাখবেন। তিনি আরো বলেন, ন্যায় ও ইনসাফভিত্তিক গণতান্ত্রিক ও শান্তিপূর্ণ সমাজ প্রতিষ্ঠার জন্য জনগণের রায় নিশ্চিত করতে হলে আমাদেরকে যেকোনো চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুত থাকতে হবে। এজন্য সকল পর্যায়ের জনশক্তিকে সঠিকভাবে নেতৃত্ব দেওয়ার ওপর গুরুত্বারোপ করেন তিনি।

সভায় আরও উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী সেক্রেটারি তরিকুল ইসলাম, অফিস সম্পাদক রফিকুল ইসলামসহ উপজেলা কর্মপরিষদের সদস্যবৃন্দ, ইউনিট সদস্য ও বিভিন্ন পর্যায়ের দায়িত্বশীল নেতৃবৃন্দ। সভায় নির্বাচনী এলাকার প্রতিটি ভোটকেন্দ্রের ব্যবস্থাপনা জোরদার করার ওপর গুরুত্বারোপ করা হয়।

সভা শেষে সকল ইউনিয়ন আমীর, সেক্রেটারি ও দায়িত্বশীলদের চুয়াডাঙ্গা নির্বাচনী অফিসে গিয়ে অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেলের দাঁড়িপাল্লা প্রতীক বরাদ্দের আনুষ্ঠানিক অংশগ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়। সভাটি সঞ্চালনা করেন, আলমডাঙ্গা উপজেলা জামায়াতের সেক্রেটারি মামুন রেজা।

দর্শনা বালিকা বিদ্যালয়ের আয়োজনে পিঠা উৎসব

দর্শনা বালিকা বিদ্যালয়ের আয়োজনে পিঠা উৎসব অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকাল ১১টা থেকে বেলা ২টা পর্যন্ত পিঠা উৎসব চলে। সকাল সাড়ে ১১টায় পিঠা উৎসবের উদ্বোধন করেন, পিঠা উৎসবের প্রধান অতিথি দর্শনা বালিকা বিদ্যালয়ের সভাপতি শফিকুল ইসলাম সাবু তরফদার। সভাপতিত্ব করেন, দর্শনা বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক হুমায়ন কবির।

পিঠা উৎসবে পিঠার পরসা সাজিয়ে ১১টি স্টলের মধ্যে ১ম স্থান অর্জন করে ঘ্রাণের ভেলা, পিঠার মেলা পিঠা ঘর। এ পিঠা উৎসবে বিদ্যালয়ের ছাত্রীদের উদ্যোগে ১১টি স্টল অংশ নেয়। পিঠা উৎসবে অতিথি হিসাবে উৎসবের স্টলগুলো পরিদর্শন করেন, দর্শনা পৌর বিএনপি’র সমন্বয়ক

দর্শনা সরকারী কলেজের সাবেক জিএস এনামুল হক শাহ মুকুল, দর্শনা পৌর সাবেক মেয়র শরীফ উদ্দিন, ইকবাল হোসেন, শিক্ষক নাহারুল ইসলাম, মোটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক আবু সাঈদ ও দর্শনা পৌর যুবদলের যুগ্ম আহবায়ক অপু সুলতান।

পিঠা উৎসব শেষে পিঠা উৎসবে অংশগ্রহণকারী স্টলগুলোর মধ্যে পুরুস্কার বিতরণ করেন, দর্শনা বালিকা বিদ্যালয়ের সভাপতি শফিকুল ইসলাম সাবু তরফদার ও দর্শনা বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক হুমায়ন কবির। পিঠা উৎসবের অনুষ্ঠান পরিচালনা করেন, শিক্ষক হাসমত আলী।

দর্শনায় বার্ষিক আন্তঃক্রীড়া প্রতিযোগিতা ও পুরুস্কার বিতরণী

দর্শনা সরকারী কলেজের আয়োজনে তিনদিনব্যাপী বার্ষিক আন্তঃক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। গত ১৯-২১ জানুয়ারী ৩দিনব্যাপী ক্রীড়া অনুষ্ঠানের পুরুস্কার বিতরণ করা হয় গতকাল বুধবার। ২০টি ইভেন্টে ৬০ জন ছাত্র/ছাত্রী পুরুস্কার অর্জন করে।

এছাড়া শিক্ষকদের মধ্যে প্রীতি ফুটবল ম্যাচ ও ছাত্রদলের আয়োজনে স্বাক্ষর বোর্ডে দর্শনা সরকারী কলেজের বিভিন্ন সমস্যার উপর ছাত্র/ছাত্রীরা স্বাক্ষর করে। এ স্বাক্ষরের মধ্যে দর্শনা সরকারী কলেজের বিভিন্ন সমস্যার মধ্যে দর্শনা কলেজ চত্বর এলাকায় ছাত্র/ছাত্রী হোষ্টেল ও শিক্ষক আবাসিক ভবন নিমার্ন, একটি মসজিদ, কলেজের সুন্দর পরিবেশ সৃষ্টি করা ও বহিরাগতদের অবাদ চলাচল বন্ধসহ নানা সমস্যার কথা তুলে ধরে। আগামী জাতীয় সংসদ সদস্য মাহামুদ হাসান খান বাবু যদি নিবার্চিত হলে এ সকল সমস্যা সমাধানের দাবী করে ছাত্র/ছাত্রীরা।

এ সকল অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, শিক্ষক সমিতির সভাপতি লিহাজ উদ্দিন। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দর্শনা সরকারী

কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এস এম শাহ আলম।

এছাড়া অন্যান্য শিক্ষক বৃন্দ উপস্থিত থেকে গতকাল ক্রীড়া অনুষ্ঠানে অংশ গ্রহণকারী বিজয়ী ছাত্র/ছাত্রীদের মধ্যে পুরুস্কার তুলে দেন দর্শনা সরকারী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এস এম শাহ আলম। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন, বাংলা বিভাগের প্রভাষক মুকুল হোসেন।

আলমডাঙ্গায় পৃথক অভিযানে স্বামী-স্ত্রীসহ গ্রেফতার ৩

আলমডাঙ্গা থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ৩০ (ত্রিশ) পিচ টাপেন্টাডল ট্যাবলেট ও ৪৫০ গ্রাম গাঁজা উদ্ধার সহ গ্রেফতার ৩ জন।

মুন্সিগঞ্জ পুলিশ ক্যাম্প এসআই (নিঃ) মোঃ জাহাঙ্গীর হোসেন, সংগীয় অফিসার ফোর্সসহ ক্যাম্প এলাকায় মাদকদ্রব্য উদ্ধার বিশেষ অভিযান ডিউটি করা কালে গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানাধীন মাদারহুদা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সামনে ফাঁকা মাঠ থেকে মাদারহুদা পশ্চিম পাড়ার কেরামত আলীর ছেলে মোঃ সাগর আলী(২৪), ত্রিশ পিচ মাদকদ্রব্য টাপেন্টাডল ট্যাবলেট সহ গ্রেফতার করে। গতকাল ২০ই জানুয়ারি গভীর রাতে আসামি গ্রেফতার ও উদ্ধারকৃত আলামত জব্দ তালিকা মূলে জব্দ করেন।

অপরদিকে আলমডাঙ্গা পুলিশের পৃথক অভিযানে ৪৫০ গ্রাম গাঁজা, মাদক বিক্রয়ের নগদ টাকা উদ্ধার সহ গ্রেফতার হয়েছে স্বামী ও স্ত্রী।

খাসকররা পুলিশ ক্যাম্পের এসআই(নিঃ) মোঃ মাসুদুর রহমান সংগীয় অফিসার ফোর্সসহ ক্যাম্প এলাকায় মাদকদ্রব্য উদ্ধার বিশেষ অভিযান ডিউটি করা কালে গোপন সংবাদের ভিত্তিতে খাসকররা গ্রামের মৃত আমদ আলির ছেলে মোঃ আব্দুল খালেক(৫০), ও তার স্ত্রী মোছাঃ রেহেনা খাতুন(৩৮) কে ৪৫০গ্রাম গাঁজা যার আনুমানিক মূল্য ১৮,০০০/ টাকা, ১টি মাদক পরিমাপের ছোট দাড়িপাল্লা, মাদক বিক্রয়ের নগদ

১,৯২,৩৭০/- টাকা সহ গ্রেফতার করে।

গত মঙ্গলবার সন্ধ্যায় তাদের আটক করে উদ্ধারকৃত আলামত জব্দ তালিকা মূল্যে জব্দ করেন। ধৃত আসামীদ্বয়ের বিরুদ্ধে আলমডাঙ্গা থানার মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা রুজু করা হয়েছে বলে থানা অফিসার ইনচার্জ বানী ইসরায়েল জানিয়েছেন।

দামুড়হুদায় ৮৪০ বোতল ভারতীয় ইসকাফসহ দুই কারবারি গ্রেপ্তার

দামুড়হুদা উপজেলার নাটুদহ এলাকায় জেলা গোয়েন্দা শাখা (ডিবি) পুলিশের সফল অভিযানে ৮৪০ বোতল ভারতীয় নেশাজাতীয় কথিত মাদকদ্রব্য ইসকাফ উদ্ধার করা হয়েছে। এ সময় মাদক পরিবহনে ব্যবহৃত একটি প্রাইভেট কারসহ দুইজন কারবারিকে গ্রেপ্তার করা হয়।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার মোহাম্মদ মনিরুল ইসলাম-এর সার্বিক দিকনির্দেশনায় জেলা পুলিশের মাদক ও চোরাচালানবিরোধী চলমান অভিযানের অংশ হিসেবে বুধবার (২১ জানুয়ারি) ভোর ৬টা ৫ মিনিটে এ অভিযান পরিচালিত হয়।

ডিবি সূত্রে জানা যায়, দামুড়হুদা থানাধীন নাটুদহ ইউনিয়নের জগন্নাথপুর বাজারপাড়া মসজিদের সামনে পাকা সড়কে নিয়মিত চেকপোস্ট ডিউটির সময় একটি সন্দেহজনক প্রাইভেট কার থামার সংকেত দেওয়া হলে গাড়ির চালক তা অমান্য করে পালানোর চেষ্টা করে। এ সময় প্রাইভেট কারটি ডিবির অভিযানে ব্যবহৃত ভাড়াকৃত একটি মাইক্রোবাসে সজোরে ধাক্কা দিয়ে ক্ষতিগ্রস্ত করে। পরে সঙ্গীয় ফোর্সের সহায়তায় প্রাইভেট কারটি আটক করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলেন সাইদুল সরদার (৩৯), পিতা মৃত জব্বার সরদার, সাং লক্ষীকোল, ওয়ার্ড নং ০২ এবং মো. শহীদুল ইসলাম (৩৫), পিতা মো. কেয়াম উদ্দিন মল্লিক, সাং বিনোদপুর। উভয়ের থানা ও জেলা রাজবাড়ী।

পরে প্রাইভেট কারটি তল্লাশি করে আসামিদের হেফাজত থেকে ৮৪০ বোতল ভারতীয় ইসকাফ উদ্ধার করা হয়, যার আনুমানিক বাজারমূল্য ২৫ লাখ ২০ হাজার টাকা।

এছাড়া মাদক বহনে ব্যবহৃত একটি প্রিমিও (Premio) রেড ওয়াইন রঙের প্রাইভেট কার (আনুমানিক মূল্য প্রায় ২৫ লাখ টাকা), একটি বাটন মোবাইল ফোন ও একটি অ্যান্ড্রয়েড মোবাইল ফোন জব্দ করা হয়।

এ ঘটনায় গ্রেপ্তারকৃত দুইজনের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। পরবর্তী আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।